# উপজেলা পরিষদের আইন-শৃঙ্খলা বিষয়ক কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ নুর-ই-আলম সিদ্দিকী
প্রশাসক
উপজেলা পরিষদ
সৈয়দপুর, নীলফামারী

সভার স্থানঃ উপজেলা পরিষদ হলরুম

তারিখ ঃ ১৮/০২/২৫ ইং

সময় ঃ ১১:০০ ঘটিকা

## উপস্থিত সদস্যবৃন্দের (স্বাক্ষরের ক্রমানুসারে)- পরিশিষ্ট “ক”

সভার শুরুতে সভার সভাপতি উপস্থিত সকল সদস্য কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

অতঃপর সভায় সদস্য সচিব অফিসার ইনচার্জ, সৈয়দপুর থানা সভায় জানান যে, উপজেলা ০৫টি ইউনিয়নে বিভিন্ন অপরাধমূলক কাজ বন্ধের লক্ষে নিয়মিত টহল প্রদান চলমান রয়েছে। ইউনিয়নের চেয়ারম্যানগণ সভায় বলেন যে, ইউনিয়নের জুয়া,মাদকসহ নানারকম অপরাধ দমনে নিয়মি পুলিশি টহল জোরদার করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়।।

**সিদ্ধান্তঃ**

১) আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো।

২) মাদক, জুয়া, ইভটিজিং, বাল্যবিবাহসহ বিভিন্ন সামাজিক সমস্যা এবং জঙ্গী তৎপরতা রোধকল্পে জনসাধারণকে উদ্বুদ্ধকরণের বিষয়ে মসজিদের ইমামগণকে খুতবায় বক্তব্য প্রদান করতে হবে।

৩) আইন-শৃঙ্খলা পরিস্থিতি রক্ষা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণে মোবাইল কোর্ট পরিচালনা ও পুলিশি টহল অব্যাহত রাখার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ নুর-ই-আলম সিদ্দিকী)
প্রশাসক
ও
সভাপতি
আইন-শৃঙ্খলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি
সৈয়দপুর, নীলফামারী।